

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কমান্ড্যান্টের কার্যালয়  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
টাঙ্গাইল।

স্মারক নং-৪৪.০৩.৩০৯৩.০০২.৩০.০০৩.২৪-৪৬২

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

প্রতি : উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
(টাঙ্গাইল জেলার সকল উপজেলা).....

বিষয় : অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ৭ম ধাপ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই প্রসঙ্গে।

সূত্র : প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৩-২০২৪ অর্থবছর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৩/২০২৪ খ্রিঃ হতে ২৬/০৩/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ৭ম ধাপ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইলে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের জন্য আগামী ০৬/০৩/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯.৩০ ঘটিকায় ১৩০ জন প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। এ প্রেক্ষিতে আপনার উপজেলা থেকে সর্বাধিক সংখ্যক (ন্যূনতম ২৫জন) নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রশিক্ষণার্থীদের বাছাইয়ের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রসহ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইলে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

**প্রশিক্ষণার্থীর যোগ্যতা :**

জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য। কমপক্ষে ৮ম শ্রেণী পাশ। সর্বনিম্ন উচ্চতা-৫'-৪"। বয়স ১৮ হতে ৩০ বছর। সুস্থাস্থ্যের অধিকারী। স্বেচ্ছাসেবায় আগ্রহী। এলাকায় সুনামের অধিকারী। সাজাপ্রাপ্ত/দন্ডিত ও মালায় জড়িত ব্যক্তি প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না। স্থানীয় চেয়ারম্যান/মেম্বর/কাউন্সিলর কর্তৃক নাগরিকিত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র থাকতে হবে। যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে প্রেরণ করতে হবে। জাতীয় নির্বাচনে নিরাপত্তা দায়িত্ব পালনে আগ্রহী উপযুক্ত প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে। উপজেলার প্রতি ইউনিয়ন হতে প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে।

*Moin*

মোঃ ইব্রাহিম খলিল  
পরিচিত নম্বর-বিএভি ১২০১৬৪  
জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
টাঙ্গাইল।

স্মারক নং-৪৪.০৩.৩০৯৩.০০২.৩০.০০৩.২৪-৪৬২

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

- ১। উপ-মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ২। প্রশিক্ষণ শাখা  
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। সার্কেল অ্যাডজুট্যান্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল।
- ৪। নোটিশ বোর্ড, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।

*Moin*

জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
টাঙ্গাইল।